

পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম
এবং
জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম পরিচালিত
গোষ্ঠীদের জন্য ক্ষুদ্র ঋণ প্রকল্প - DLS

- 1) মহিলা সদস্যদের গোষ্ঠী-ই শুধু ঋণের জন্য আবেদন করতে পারবেন। গোষ্ঠীর বয়স ৬ মাসের বেশী হওয়া চাই।
- 2) গোষ্ঠীর সদস্য সংখ্যা ১০ থেকে ২০ এর মধ্যে হতে হবে।
- 3) গোষ্ঠীর সদস্য সংখ্যার কমপক্ষে ৬০ শতাংশ সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত হবে।
- 4) গোষ্ঠীর সদস্যদের অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে।
- 5) গোষ্ঠীর সদস্যদের অবশ্যই স্থানীয় বাসিন্দা হতে হবে।
- 6) গোষ্ঠীর সদস্যদের বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
- 7) গোষ্ঠীর সদস্যরা অবশ্যই শারীরিক কর্মঠ এবং মানসিকভাবে সুস্থ হতে হবে।
- 8) গোষ্ঠীর সদস্যদের পারিবারিক বার্ষিক আয় গ্রামাঞ্চলে ৯৮,০০০ টাকার মধ্যে এবং শহরাঞ্চলে ১,২০,০০০ টাকার নীচে হতে হবে।
- 9) ঋণের জন্য স্বল্প হারে সুদ দিতে হবে এবং ২৪টি সমান মাসিক কিস্তিতে সুদসহ পরিশোধ করতে হবে।
- 10) ঋণের জন্য কোন গ্যারান্টার লাগে না, তবে প্রতিটি সদস্যই ঋণ পরিশোধের জন্য সমান ভাবে দায়ী থাকবেন।
- 11) ঋণের পরিমাণ সদস্য পিছু ১৮,০০০ টাকা। সকলের ঋণের টাকা এক শতাংশ হিসেবে সার্ভিস-চার্জ কেটে বাকী টাকা গোষ্ঠীর সেভিংস একাউন্টে জমা হবে।
- 12) সুদসহ ঋণের টাকা সন্তোষজনক পরিশোধ করলে সদস্য পিছু ১ম নবীকরণ ২২,০০০ টাকা ও তদপরিশোধান্তে ২য় নবীকরণ ২৫,০০০ টাকা করে ঋণের সুযোগ থাকে।
- 13) গোষ্ঠীর সমস্ত লেনদেন সেভিংস একাউন্টের মাধ্যমেই হবে, সিসি(CC) বা অন্য কোন ধরনের একাউন্ট গ্রহণ করা হবে না।
- 14) বছরের যেকোন সময়েই ঋণের জন্য আবেদন করা যায়।
- 15) ঋণের জন্য আবেদন পত্র জেলা সংখ্যালঘু অফিস এবং বিডিও অফিসে জমা করা হয়ে থাকে এবং ওই আবেদনের ভিত্তিতে FS সরেজমিনে নিম্নলিখিত তদন্ত করবেন।
- 16) গোষ্ঠীর রেজুলিউশন বই, সেভিংস বই, ঋণ বই এবং নগদ জমার বই মিলিয়ে দেখবেন।
- 17) গ্রুপ ফটো - সকল সদস্যের সম্মিলিত ছবি (পোস্টকার্ড সাইজ) নেবেন- ছবিতে সকলের মুখাবয়ব যেন পরিষ্কার বোঝা যায়। নামগুলি ফটোর নীচে বা পিছনের পৃষ্ঠায় লিখে সই করবেন।
- 18) রেজুলিউশন-গোষ্ঠী গঠনের প্রথম বিবরণী যাতে শুরুর সদস্য সংখ্যা এবং পদাধিকারীদের স্পষ্ট বিবরণ থাকে। ফটোকপি দলনেত্রী দ্বারা প্রত্যয়িত হতে হবে।
- 19) ২য় রেজুলিউশন-WBMDFC থেকে ঋণ নেওয়ার এবং পরিশোধ করার বিবরণ থাকবে। ফটোকপি দলনেত্রী দ্বারা প্রত্যয়িত হতে হবে।
- 20) ৩য় রেজুলিউশন-১ম রেজুলিউশন থেকে অদ্যাবধি সদস্য সংখ্যার সংযোজন হয়ে থাকলে সেই মর্মে বিবরণী। ফটোকপি দলনেত্রী দ্বারা প্রত্যয়িত হতে হবে।
- 21) ব্যাঙ্ক সংশ্লিষ্ট একাউন্ট ক) গোষ্ঠীর নামে সেভিংস একাউন্ট হওয়া চাই। খ) একাউন্ট সচল থাকতে হবে (গত ৩০ দিনের মধ্যের ক্যাশ ওঠানো সহ লেনদেন থাকলেই যথেষ্ট)। গ) গোষ্ঠীর নাম ,রাবার স্ট্যাম্প এবং পাসবইয়ে নাম একই রকম হতে হবে। ঘ) পাসবইয়ের নাম-ঠিকানার পৃষ্ঠা এবং সর্বশেষ লেনদেনের পৃষ্ঠার ফটোকপি নিতে হবে। ঙ) একই একাউন্টের ৩টি PDC (নির্ধারিত স্বাক্ষরকারীদের সইসহ কিন্তু তারিখবাদে)।